

‘কৃষিবিদ অস্ট্রেলিয়া’র কিছু অনভিপ্রেত কার্যকলাপ প্রসঙ্গে !!

আমরা অস্ট্রেলিয়াবাসী বাংলাদেশী কৃষি-স্নাতক গণ কিছুদিন ধরে ‘কৃষিবিদ অস্ট্রেলিয়া’ নামে একটা স্থানীয় সামাজিক সংগঠনের কিছু আপত্তিকর কার্যকলাপ উদ্বেগের সাথে লক্ষ্য করে আসছি। কর্মজীবনের ব্যস্ততায় বিষয়টি সকলের দৃষ্টিগোচর হবার কথা নয়। সেই কারণে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপন করে আমরা এই সংগঠনের কার্যকলাপের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি:

১. আমরা সবাই বাংলাদেশী কৃষি-স্নাতক এবং বাংলাদেশে কৃষিবিদদের পেশাজীবী প্রতিষ্ঠান এবং অসংখ্য পেশাজীবী আন্দোলনের নেতৃত্বদানকারী ‘কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ’ এর গর্বিত সদস্য। আমাদের জানামতে এই তথাকথিত সামাজিক সংগঠন ‘কৃষিবিদ অস্ট্রেলিয়া’ স্থানীয় সাধারণ কৃষিবিদদের মতামতের তোয়াক্কা না করে একটি চিহ্নিত স্বার্থাশ্রমী মহল কতৃক রেজিস্ট্রিকৃত এবং নিয়ন্ত্রিত। সুতরাং এই অসার্বজনীন সামাজিক সংগঠনটি পেশাজীবী ‘কৃষিবিদ’ পদবীটিকে ব্যবহার করে সকলের কাছে নিজেদের একটি অসত্য ভাবমূর্তী উপস্থাপন করার প্রচেষ্টা করছে। আমরা আমাদের পেশাজীবী পদবীটির এই উদ্দেশ্য প্রনোদিত ব্যবহারের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করছি।

২. বাংলাদেশে কৃষির অভূতপূর্ব উন্নতির দাবীদার বাংলাদেশের পরিশ্রমী কৃষক সমাজ আর তাদের সাফল্যের হাতিয়ার নিরলস কর্মরত আমাদের কৃষিবিদ-পেশাজীবী ভাই ও বোনেরা। অস্ট্রেলিয়ায় অভিবাসনকারী কৃষিবিদ-দের সাফল্যও উল্লেখযোগ্য। বিভিন্ন সরকারী, বেসরকারী দপ্তর, বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান এমন কি অস্ট্রেলিয়ার প্রত্যন্ত অঞ্চলে বাংলাদেশী কৃষিবিদরা অত্যন্ত সুনাম এবং দক্ষতার সাথে কাজ করে যাচ্ছেন। বাংলাদেশে এবং দেশের বাইরে কর্মরত কৃতি কৃষিবিদদেরকে উপেক্ষা করে এবং স্থানীয় সাধারণ কৃষিবিদের আপত্তি অগ্রহ্য করে ‘কৃষিবিদ অস্ট্রেলিয়া’ কনভোকেশন এর নামে বাংলাদেশ থেকে একজন বিতর্কিত ব্যক্তিকে ‘প্রধান অতিথী’ হিসাবে সিডনিতে আমন্ত্রণ করে নিয়ে আসছে। উল্লেখ্য যে এই বিতর্কিত ব্যক্তিটি আদৌ কৃষিবিদই নন, কিন্তু কৃষিবিদদের সাফল্যকে আনুষ্ঠানিক ভাবে বিপণন করেই তিনি পরিচিতি হাসিল করেছেন। এতদসঙ্গেও তিনি কৃষিবিদ পেশাকে যথা-বিহিত সম্মান করেন না বলে আমরা সবাই অবগত। অন্যদিকে এই ‘কৃষিবিদ’ নাম ব্যবহারকারী তথাকথিত সামাজিক সংগঠনটি একটি অরুচীকর নিম্নমানের অন-লাইন পত্রিকার সাথেও উদ্বেগজনকভাবে জড়িত। আমরা ‘কৃষিবিদ অস্ট্রেলিয়া’ নামের এই সংগঠন কতৃক কৃষিবিদ-পেশার ভাবমূর্তী বিনষ্টকারী এইসব কার্যকলাপ লক্ষ্য করে অত্যন্ত ক্ষুব্ধ এবং মর্মান্বিত। আমরা এইসব নীতিহীন কার্যকলাপের বিরুদ্ধে তীব্র নিন্দা জানাই।

পরিশেষে সংশ্লিষ্ট ‘কৃষিবিদ অস্ট্রেলিয়া’ নামের এই সংগঠনটির কার্যকলাপে বিভ্রান্ত না হবার জন্য সকলকে অনুরোধ করছি। এই সংগঠনটি কোনক্রমেই সার্বজনীনভাবে কৃষিবিদদেরকে প্রতিনিধিত্ব করে না।

অস্ট্রেলিয়াবাসী সাধারণ কৃষিবিদদের পক্ষে

কৃষিবিদ রফিক হক মিঠু ০৪১১২৪১৯১৫
কৃষিবিদ মোঃ নজরুল ইসলাম ০৪০২৯৬১১৩৭
কৃষিবিদ আবু ইব্রাহিম ০৪২২৩৫০৮৬৩
কৃষিবিদ ডঃ আব্দুস সাদেক ০৪২২৩৪৬৮৪৭
কৃষিবিদ পরমেশ ভট্টাচার্য্য ০৪১২৩৬৫৩৪৫
কৃষিবিদ ডঃ তারিক জামান ০৪০১৬৮৫৪১৭
কৃষিবিদ এনামুল ভূইয়া মুকুল ০৪১২০৯০৭৬৯

কৃষিবিদ ডঃ এজাজ আল মামুন হ্যাপি ০৪৩৩৪৫১৯২৯
কৃষিবিদ ডঃ তারিফুল ইসলাম ০৪১৩৬৮১৭৫৭
কৃষিবিদ ফেরদাউস আরা বেগম ০৩৮৭১২২০১৬
কৃষিবিদ আবু নাইম মোঃ সালেহ ০৪৩৩০৩৩৭৬০
কৃষিবিদ ডঃ বাবর আলী ০৪৭০৫৬৬৫৭৯
কৃষিবিদ মোঃ এমদাদুল হক বিপু ০৪০১৫৬০৭৫৭
কৃষিবিদ ফাইজুল কবির ০৪২৯০৩৯২৩৩